



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/22/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোকল আবাসন বিধিমালা প্যাকেজে স্বাক্ষর করেছেন

**বিধিমালা S.69/A.297 ছোট দাবীর এখতিয়ার সম্পর্কে শর্তাবলী আরোপ করে যেখানে দাবীদার একটি নির্দিষ্ট সীমারেখার মাঝে অবস্থিত বাদীর মালিকানাধীন একটি সম্পত্তির ভাড়াটিয়া, বা লিজ গ্রহণকারী**

**বিধিমালা S.290/A.113 একজন দেনাদারের সুদকে তার ভাড়া-স্থিতিশীল লিজের দেউলিয়া প্রক্রিয়া থেকে খারিজ করে**

গভর্নর ক্যাথি হোকল আজকে আবাসন সংক্রান্ত একটি বিধিমালা প্যাকেজে স্বাক্ষর করেছেন। বিধিমালা (S.69/A.297 ছোট দাবীর এখতিয়ার সম্পর্কে শর্তাবলী আরোপ করে যেখানে দাবীদার একটি নির্দিষ্ট সীমারেখার মাঝে অবস্থিত বাদীর মালিকানাধীন একটি সম্পত্তির ভাড়াটিয়া, বা লিজ গ্রহণকারী। বিধিমালা (S.290/A.113 একজন দেনাদারের সুদকে তার ভাড়া-স্থিতিশীল লিজের দেউলিয়া প্রক্রিয়া থেকে খারিজ করে।

"যারা কঠিন পরিস্থিতির সম্মুখীন হচ্ছেন তারা যেন তাদের মাথা গোঁজার ঠাই হারানোর ভয়ে না থাকেন তা নিশ্চিত করার জন্য আমরা পদক্ষেপ নিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "ভাড়াটিয়াদের অধিকার সম্প্রসারণ এবং নিশ্চিত করার ফলে ঐসব সম্পত্তির ভাড়াটিয়াদের মানসিক শান্তি আসে। আমি এই বিলগুলিকে আইনে পরিণত করতে স্বাক্ষর করতে পেরে গর্বিত কারণ প্রত্যেক নিউ ইয়র্কবাসীর মাথার উপর একটি ছাদ থাকার সম্মান পাওয়া উচিত।"

বিধিমালা S.69/A.297 আবাসিক ভাড়াটিয়াদের ভাড়ার সম্পত্তি যে এলাকায় অবস্থিত সেই এলাকার ছোট দাবীর আদালতে মামলা করার অধিকার প্রদান করার মাধ্যমে তাদের দাবীর আদালতে ন্যায্য অধিকার দেয়। পূর্বে, আইন ভাড়াটিয়াদের সিকিউরিটি ডিপোজিট বা অন্যান্য দাবী ফেরত দেওয়ার অন্যায্য বোঝা চাপিয়ে দিত, যার ফলে ভাড়াটিয়াকে সম্পত্তির মালিকের ব্যবসা যেইএলাকায় অবস্থিত, সেই এখতিয়ারে দাবী জমা দিতে হত।

**সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন,** "খারাপ বাড়িওয়ালারা সাবধান হনঃ নিউ ইয়র্ক ভাড়াটিয়াদের রক্ষা করার জন্য আরও একটি পদক্ষেপ নিয়েছে। (S.69/A.297) এর আজকের স্বাক্ষরের মাধ্যমে আমরা আইনের একটি অন্যায্য বোঝা অপসারণ করেছি যার ফলে ভাড়াটিয়াদের বাড়িওয়ালাদের আইনের মুখোমুখি করা কঠিন হয়ে যেত যদি তারা ভাড়াটিয়ার কাউন্টি থেকে ভিন্ন কাউন্টিতে বা স্টেটের বাইরে বসবাস করতো। আই বিধিমালায় এবং

ভাড়াটিয়াদের অধিকার রক্ষায় তাদের সমর্থনের জন্য আমি গভর্নর হোকল, সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, অ্যাসেম্বলি মেম্বার গটফ্রিড এবং উভয় কক্ষে আমার সহকর্মীদের সাধুবাদ জানাই।"

**অ্যাসেম্বলিমেম্বার রিচার্ড গটফ্রিড বলেন,** "ছোট দাবীর আদালত ভাড়াটিয়াদের সম্পত্তির মালিকের বিরুদ্ধে বিরোধের ক্ষেত্রে ন্যায়বিচার পাওয়ার একটি গুরুত্বপূর্ণ উৎস হতে পারে, একটি উচ্চ আদালত প্রক্রিয়ায় জড়িত ব্যয় এবং কাঠিন্য এড়ানোর মাধ্যমে। উদাহরণস্বরূপ, একজন বাড়িওয়ালা যিনি হিটিং বা মেরামতের খরচ প্রদান করে না, তিনি লিজের চুক্তি ভঙ্গ করে থাকতে পারেন এবং এর ফলে তার জরিমানা প্রাপ্য। কিন্তু যদি বাড়িওয়ালার অফিস আরেকটি কাউন্টিতে হয়, তাহলে ভাড়াটিয়ারা ছোট দাবীর আদালতে মামলা করতে পারতো না। এই আইন ভাড়াটিয়াদের সম্পত্তি যেই কেউন্টি বা শহরে অবস্থিত সেখানে ছোট দাবীর আদালতে মামলা করার সুযোগ দেবে। বাড়িওয়ালাদের ভাড়াটিয়াদের প্রতি দায়িত্ব এড়িয়ে যাওয়ার সুযোগ থাকা উচিত নয় কেবল এই কারণে যে তাদের বাড়ি এবং অফিস দূরে অবস্থিত এটি বুঝতে পারার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

বিধিমালা S.290/A.113 দেউলিয়ার মুখোমুখি দেনাদারদের রক্ষা করে তার ভাড়া-স্থিতিশীল লিজের সুদকে উক্ত প্রক্রিয়া থেকে খারিজ করার মাধ্যমে।

**সিনেটর জেলনর মাইরি বলেন,** "দেউলিয়ার মুখোমুখি নিউ ইয়র্কবাসীরা ইতোমধ্যেই কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছেন; তাদের ভাড়া-স্থিতিশীল লিজকে হুমকির মুখে ফেলা কেবল সমস্যা বৃদ্ধিই করে। এই আইন পাসের মাধ্যমে, নিউ ইয়র্ক আরও স্থিতিশীল সম্প্রদায় গড়ে তোলার জন্য অঙ্গীকার ব্যক্ত করেছে যখন আমরা গত দুই বছরের অর্থনৈতিক অনিশ্চয়তা থেকে উত্তরণ করছি। এই গুরুত্বপূর্ণ বিল বাস্তবায়নের জন্য আমি গভর্নর হোকল এবং অ্যাসেম্বলিমেম্বার পেরির কাছে কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলিমেম্বার নিক পেরি বলেন,** "যখন আমাদের স্টেট এই মহামারী পরবর্তী পুনর্নির্মাণ করেছে, আমাদের অবশ্যই ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে হবে যারা সবচেয়ে বেশি কষ্টের মধ্য দিয়ে গেছে। আমার বিল A.113 কে আইনে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, যা কঠিন পরিস্থিতির মুখোমুখি হওয়া এই ব্যক্তিগণ এবং তাদের পরিবারসমূহকে রক্ষা করবে এবং কিছুটা স্বস্তি এনে দেবে, এবং তাদের ভাড়া-স্থিতিশীল লিজের সুদকে দেউলিয়া প্রক্রিয়া থেকে খারিজ করে তাদেরকে তাদের আবাসনে থাকার সুযোগ দেবে। যদি নিউ ইয়র্কবাসীরা অর্থনৈতিকভাবে অনটনের শিকার হন, তারা স্বস্তি পেতে পারেন এই কথা জেনে যে আমরা তাদের গৃহহীন হতে দেব না যদি তারা অর্থনৈতিক দিক থেকে পুনরায় শুরু করার চেষ্টা করেন এবং দেউলিয়া প্রক্রিয়া ব্যবহার করেন।"

###

আনসাবন্ধাইব করুন